রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৩০, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৮৫—৫৯২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৭৫—১২৮৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৭৫—১২৯৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৬ শ্রাবণ, ১৪২৮/১০ আগস্ট, ২০২১

নং **০৫.১৮০.২৭.০২.০০.০০২.২০২০-১২২**— যেহেতু, মোছাঃ সুলতানা পারভীন (পরিচিতি নম্বর-৬৮৮৪), প্রাক্তন জেলা প্রশাসক, কুড়িগ্রাম বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জেলা প্রশাসক, কুড়িগ্রাম হিসেবে কর্মকালে বাংলা ট্রিবিউন অনলাইনভিত্তিক ওয়েব পোর্টালের সাংবাদিক জনাব আরিফুল ইসলামকে মধ্যরাতে ধরে নিয়ে গিয়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাজা প্রদানের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৫.১৮০.২৭.০২.০০.০০২. ২০২০ নম্বর বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০৩-২০২০ খ্রি. তারিখের ৯৭ নম্বর স্মারকের মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মোছাঃ সুলতানা পারভীন ২৫-০৬-২০২০ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৯-০৮-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

যেহেতু, তদন্ত বোর্ডের আহবায়ক জনাব মোঃ আলী কদর (পরিচিতি নম্বর-৫৭৩২), অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০২-০৫-২০২১ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মোছাঃ সুলতানা পারভীন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়; এবং

যেহেতু, তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তা মোছাঃ সুলতানা পারভীনকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮-০৬-২০২১ খ্রি. তারিখের ৮৩ নম্বর স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, মোছাঃ সুলতানা পারভীন ২২-০৬-২০২১ খ্রি. তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করলে দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদনসহ অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে '০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, মোছাঃ সুলতানা পারভীন (পরিচিতি নম্বর-৬৮৮৪), প্রাক্তন জেলা প্রশাসক, কুড়িগ্রাম বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুসারে তাঁকে '০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.১৮০.২৭.০২.০০.০০৫.২০২০-১২৩**—যেহেতু, জনাব মোঃ শাহীনুর আলম (পরিচিতি নম্বর-১৫৫৬৩), প্রাক্তন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নীলফামারী বর্তমানে পরিচালক (উপসচিব), মোংলা বন্দর কর্তৃপক্ষ মোংলা, বাগেরহাট কর্তৃক অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নীলফামারী হিসেবে কর্মকালে নীলফামারী জেলার ডিমলা উপজেলার টেপাখড়িবাড়ী ইউনিয়নে উত্তর খড়িবাড়ী মৌজায় তিস্তা নদীর উপর সৃজিত বালু মহালের ইজারা প্রদানের ক্ষেত্রে ইজারা গ্রহীতা কর্তৃক দাখিলকৃত চেক ব্যাংকে জমা না দিয়ে ইজারা বাবদ সমুদয় অর্থ পাওয়া গেছে উল্লেখ করে ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদনে সহযোগিতার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতি' এর অভিযোগে রুজুকৃত ০৫.১৮০.২৭. ০২.০০.০০৫.২০২০ নম্বর বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩-০৮-২০২০ খ্রি. তারিখের ১৪৬ নম্বর স্মারকের মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শাহীনুর আলম ০১-০৯-২০২০ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৪-১০-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ০৮-০৩-২০২১ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ শাহীনুর আলম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে কিন্তু একই বিধিমালায় বিধি ৩(ঘ) অনুযায়ী আনীত 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮-০৬-২০২১ খ্রি. তারিখের ৮৫ নম্বর স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ শাহীনুর আলম ২৭-০৬-২০২১ খ্রি. তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানো জবাব দাখিল করলে দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদনসহ অভিযোগের গুরুত্ব ও প্রসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুসারে তাঁকে '০১ (এক) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' নামীয় লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ শাহীনুর আলম (পরিচিতি নম্বর-১৫৫৬৩), প্রাক্তন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নীলফামারী বর্তমানে পরিচালক (উপসচিব), মোংলা বন্দর কর্তৃপক্ষ মোংলা, বাগেরহাট এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুসারে তাঁকে '০১ (এক) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদকালে তিনি জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর গ্রেড-৫ (টাকা ৪৩০০০—৬৯৮৫০/-) এর ৪৩০০০/- টাকার ধাপে বেতন প্রাপ্য হবেন। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪২৮/১১ আগস্ট, ২০২১

নং **০৫.১৮০.২৭.০২.০০.০০৭.২০২০-১২৪**—যেহেতু, জনাব মোঃ মাহবুব কবীর (পরিচিতি নম্বর-৪২৫৪), প্রাক্তন অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব রেলপথ মন্ত্রণালয় হিসেবে কর্মকালে তাঁর উদ্বৃতি দিয়ে eisomoy365.com নামের অনলাইন পত্রিকায় "বিনিয়োগ করতে এসে হু হু করে কাঁদতে দেখেছি বিদেশিদের" শিরোনামে একটি লেখা প্রকাশিত হয়; এবং

যেহেতু, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ও প্রকৃত দায়িত্ব পালনের ক্ষেত্র ব্যতীত পত্রিকায় প্রকাশিত উক্ত লেখায় তাঁর মনগড়া, ভিত্তিহীন ও সরকারের জন্য অস্বস্তিকর বক্তব্য প্রকাশিত হওয়া সরকারি কর্মচারী হিসেবে তাঁর আচরণ বিধি লঙ্ঘনের শামিল হওয়ায় এবং তিনি সরকারের অতিরিক্ত সচিব পদের কর্মকর্তা বিধায় মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাহবুব কবীর-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৯-২০২০ খ্রি. তারিখের ১৫৮ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলে তিনি ২০-০৯-২০২০ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় গত ২২-১০-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিঅন্তে মামলার অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্তের জন্য জনাব কে. এম. তারিকুল ইসলাম (পরিচিতি নম্বর-৪১৬৪), চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরানবাজার, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১২-০৪-২০২১ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মাহবুব কবীর-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত লঘুদণ্ড আরোপের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন;

সেহেতু, জনাব মোঃ মাহবুব কবীর (পরিচিতি নম্বর-৪২৫৪), প্রাক্তন অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে 'তিরস্কার' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**শোকবার্তা**

তারিখ : ২৬ আগষ্ট ২০২১

নং **১৭.০০.০০০০.০১৫.৫৫.০১১.৯৬-৩০৬**—নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত জনাব এ. বি. এম সাইফুজ্জামান, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ গত ০৩ আগষ্ট, ২০২১ তারিখ সকাল ১১.২০ ঘটিকায় করোনায় আক্রান্ত হয়ে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ৪৫ বছর।

মরহুম জনাব এ. বি. এম সাইফুজ্জামান ১৯৭৬ সালের ২৫ ডিসেম্বর নেত্রকোণা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে এম.এস.এস ডিগ্রী লাভ করেন। তিনি ০৭ সেপ্টেম্বর ২০০৫ সালে বাংলাদেশ নির্বাচন কমিশনে যোগদান করেন। তিনি বিভিন্ন উপজেলায় উপজেলা নির্বাচন অফিসার হিসেবে এবং পরবর্তীতে পদোন্নতি পেয়ে সিলেট ও ময়মনসিংহে অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব এ. বি. এম সাইফুজ্জামান অত্যন্ত মেধাবী, বিনয়ী এবং সৎ ব্যক্তিত্বের অধিকারী কর্মকর্তা ছিলেন। তিনি স্ত্রী, ০২ কন্যা ও অসংখ্য বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন রেখে গেছেন।

বাংলাদেশ নির্বাচন কমিশন জনাব এ. বি. এম সাইফুজ্জামান এর অকাল মৃত্যুতে গভীর দুঃখ ও শোক প্রকাশসহ তার বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছে।

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব।

**শোকবার্তা**

তারিখ : ২৬ আগষ্ট ২০২১

নং **১৭.০০.০০০০.০১৫.৫৫.০৪৮.১৮-৩০৭**—নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত জনাব আলিফ লায়লা, উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, রাজনগর, মৌলভীবাজার গত ০৭ জুলাই, ২০২১ তারিখ রাত ১০.০৫ ঘটিকায় করোনায় আক্রান্ত হয়ে সিটি হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ৪৬ বছর।

মরহুম জনাব আলিফ লায়লা ১৯৭৫ সালের ১৩ আগষ্ট ঢাকা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি লালমাটিয়া কলেজ থেকে বি.কম (ডিগ্রী) ও তেজগাঁও কলেজ/জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে এম. কম ডিগ্রী লাভ করেন। তিনি ০১ সেপ্টেম্বর ১৯৯৭ সালে বাংলাদেশ নির্বাচন কমিশনে যোগদান করেন।

জনাব আলিফ লায়লা সৎ, দক্ষ, মেধাবী, বিচক্ষণ, দায়িত্বশীল ও অমায়িক ব্যক্তিত্বের অধিকারী কর্মকর্তা ছিলেন। তিনি স্বামী, দুই সন্তান, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

বাংলাদেশ নির্বাচন কমিশন জনাব আলিফ লায়লা এর অকাল মৃত্যুতে গভীর দুঃখ ও শোক প্রকাশসহ তার বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছে।

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব।

## শোকবার্তা

তারিখ : ২৬ আগষ্ট ২০২১

নং **১৭.০০.০০০০.০১৫.৫৫.০১১.৯৬-৩০৮**—নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত জনাব মোহাঃ ইসরাইল হোসেন, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট গত ২৫ জুলাই, ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় করোনায় আক্রান্ত হয়ে পপুলার মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৫ বছর।

মরহুম জনাব মোহাঃ ইসরাইল হোসেন ১৯৬৬ সালের ৩১ ডিসেম্বর চাঁপাইনবাবগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বি.এস.সি (অনার্স) ও এম.এস.সি ডিগ্রী লাভ করেন। তিনি ০৯ জুন ১৯৯৬ সালে বাংলাদেশ নির্বাচন কমিশনে যোগদান করেন।

জনাব মোহাঃ ইসরাইল হোসেন সৎ, দক্ষ, মেধাবী, বিচক্ষণ, দায়িত্বশীল ও অমায়িক ব্যক্তিত্বের অধিকারী কর্মকর্তা ছিলেন। তিনি স্ত্রী, দুই পুত্র, এক কন্যা, আত্মীয়-স্বজন এবং বন্ধু-বান্ধব রেখে গেছেন।

বাংলাদেশ নির্বাচন কমিশন জনাব মোহাঃ ইসরাইল হোসেন এর অকাল মৃত্যুতে গভীর দুঃখ ও শোক প্রকাশসহ তার বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছে।

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব।

---

## অর্থ মন্ত্রণালয়
## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ : ২৫ আগস্ট ২০২১

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০৬৫.২১-৪৪৫**—দেশের ব্যাপক জনগোষ্ঠীকে আর্থিক সেবার অন্তর্ভুক্তির লক্ষ্যে মন্ত্রিসভায় অনুমোদিত 'জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশলপত্র' সর্বসাধারণের অবগতির জন্য এতদ্বারা প্রকাশ করা হ'ল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুল হক মারুফ**
উপসচিব।

---

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
## অধিশাখা-৩ (শুল্ক)

### আদেশ

তারিখ : ১৪ আষাঢ় ১৪২৮/২৮ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.১৭-৭৯**—যেহেতু, মিয়া মোঃ নাজমুল হক, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (প্রাক্তন-সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম), কাস্টম হাউস, চট্টগ্রাম-এ কর্মরত থাকাকালীন আমদানিকারক প্রতিষ্ঠান Sailors Shipping Ltd. Dhaka আমাদানিকৃত পণ্যের শুল্কায়নের উদ্দেশ্যে বিল অব এন্ট্রি নং-C-743582, Date: 06-05-2019 দাখিল করে। মিয়া মোঃ নাজমুল হক ঘোষিত পণ্যের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে আলোচ্য পণ্যচালানটি ১০০% কায়িক পরীক্ষাপূর্বক পণ্যটি আমদানিকারকের ঘোষণা মোতাবেক ১৮,২৮০ কেজির চেয়ে আরও ২৪৫ কেজি পণ্য বেশী পাওয়া যায় মর্মে রিপোর্ট প্রদান করেন। উক্ত প্রতিবেদন ASYCUDA World-এ Online-এ পাঠানোর পাশাপাশি বিল অব এন্ট্রির পিছনে তা উল্লেখ করে স্বাক্ষর করেন;

০২। যেহেতু, পরবর্তীকালে গোপন সংবাদের ভিত্তিতে আলোচ্য পণ্য চালানটি কাস্টম হাউস, চট্টগ্রামের অডিট, ইনভেস্টিগেশন এন্ড রিসার্চ (এআইআর) শাখার কর্মকর্তা কর্তৃক পুনরায় ১০০% কায়িক পরীক্ষা করা হয় এবং এতে ঘোষণা বহির্ভূত বিভিন্ন পণ্যসহ প্রায় ৫৭৬৩ কেজি অতিরিক্ত পণ্য পাওয়া যায়। ঘোষণার অতিরিক্ত পণ্য থাকায় সরকারের বিপুল পরিমাণ রাজস্ব হানির সম্ভাবনা ছিল। তাঁর এই কার্যক্রমের জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাঁকে অভিযুক্ত করে এ বিভাগের ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.১৭-৪০ ও ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.১৭-৪১ নম্বর স্মারকে যথাক্রমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়। তিনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন;

০৩। যেহেতু, গত ০৯ জুন ২০২১ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি তাঁর লিখিত জবাবের সমর্থনে বলেন ছুটি প্রতিস্থাপক হিসেবে তিনি দায়িত্ব পালন করছিলেন। আলোচ্য ঘটনার দিন তাঁর উপর কাজের অতিরিক্ত চাপ ছিল। দৈবচয়নের ভিত্তিতে তিনি পণ্য পরীক্ষা করেন এবং সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তৈরিকৃত সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি-তে তিনি সরল বিশ্বাসে প্রতিস্বাক্ষর করেন। বিল অব এন্ট্রি নং-C-743582 পণ্য চালানটি ২য় বার কায়িক পরীক্ষায় ঘোষণাকৃত ওজনের চেয়ে ৩,০৪৪ কেজি পণ্য বেশী পাওয়া যায়, যা ঘোষণাকৃত পণ্যের চেয়ে ১৬% বেশী। অর্থাৎ তাঁর দাখিলকৃত রিপোর্টে উল্লিখিত পণ্যের চেয়ে অতিরিক্ত পণ্য থাকার বিষয়টি তার বক্তব্যে স্বীকৃত।

০৪। যেহেতু, তাঁর বক্তব্য ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে অডিট, ইনভেস্টিগেশন এন্ড রিসার্চ (এআইআর) শাখা কর্তৃক পণ্যচালানটি পুনরায় কায়িক পরীক্ষান্তে যে পরিমাণ পণ্য বেশী পাওয়া যায়, তা নিতান্ত নগন্য নয়। যদ্বারা আমাদানিকারককে শুল্ক ফাঁকি দেয়ার সুযোগ করে দেয়ার মাধ্যমে সরকারকে আর্থিক ক্ষতির সম্মূখীন করা হয়েছে। তাঁর কর্তব্যে অবহেলা ও দায়িত্বহীনতার কারণে এ ঘটনা ঘটায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে;

০৫। সেহেতু, মিয়া মোঃ নাজমুল হক, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার বিধি ৪(২)(খ) মোতাবেক ০১ (এক) বছরের বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করার দণ্ড প্রদান করা হলো।

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## বেসরকারি কলেজ-৬ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৮/১১ আগস্ট ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৫৫.০০১.১৮.১১৯**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন 'শিমুলবাড়ী বঙ্গবন্ধু ডিগ্রি মহাবিদ্যালয়' গত ০৮ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ হতে সরকারি করা হলো।

নং **৩৭.০০.০০০০.০৭০.৫০.০০১.১৮.১১৭**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন 'বঙ্গবন্ধু কলেজ' গত ০৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ভাদ্র ১৪২৮/২২ আগস্ট ২০২১

নং **৩৪.০০.০০০০.০৭১.১১.০০৬.১৭.১২৬৭**—জাতীয় ক্রীড়া নীতি, ২০২১ প্রণয়নের লক্ষ্যে ইতিপূর্বে প্রণীত জাতীয় ক্রীড়ানীতি-১৯৯৮ পর্যালোচনা এবং সময়োপযোগী পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্তকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

০১. অতিরিক্ত সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

০২. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
০৩. পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
০৪. পরিচালক (প্রশিক্ষণ), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা
০৫. উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
০৬. মহাপরিচালক, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, ঢাকা
০৭. জনাব মোঃ হারুনুর রশীদ, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও সদস্য, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, ঢাকা
০৮. জনাব আশিকুর রহমান মিকু, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ভলিবল ফেডারেশন, ঢাকা
০৯. জনাব মোঃ আসাদুজ্জামান কোহিনুর, সাধারণ সম্পাদক, বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন, ঢাকা
১০. কাজী রাজীব উদ্দিন আহমেদ চপল, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন, ঢাকা
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, ঢাকা
১২. সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, ঢাকা
১৩. সম্পাদক, ক্রীড়া জগত, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
১৪. সাধারণ সম্পাদিকা, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা, ঢাকা
১৫. জনাব আকবর আলী, ক্রিকেট খেলোয়াড় ও দলনেতা, বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল

**সদস্য-সচিব**

১৬. সহকারী সচিব (ক্রীড়া-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০২। কমিটির কর্মপরিধি :

১৯৯৮ সালে প্রণীত জাতীয় ক্রীড়ানীতি পর্যালোচনা এবং সময়োপযোগী পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের নিমিত্ত যথাযথ সুপারিশ প্রদান।

০৩। কমিটি আগামী ০৩ (তিন) মাসের মধ্যে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর জমা দিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর হাওলাদার**
সহকারী সচিব।

## শিল্প মন্ত্রণালয়
## বৈদেশিক প্রশিক্ষণ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১০ ভাদ্র ১৪২৮/২৫ আগস্ট ২০২১

নং **৩৬.০০.০০০০.০৫২.৯৯.০৩২.১৭.৯৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের (সংস্থাপন মন্ত্রণালয়) বিধি-১ শাখার স্মারক নং-০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫; তারিখ : ২৭ জানুয়ারি ২০১১ অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের জন্য গত ০১-০৮-২০১৬ তারিখে ৩৬.০০.০০০০.০৫২.১২.০০১.০৩ (অংশ)/৩৬৬ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিলপূর্বক এনপিও এর ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের এবং দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমেস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি
০৩. অর্থ মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি
০৪. ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর প্রধান

**সদস্য-সচিব**

৫. যুগ্মসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার জেসমিন খান**
উপসচিব।

**[একই স্মারক ও তারিখে জারীকৃত পত্রের স্থলাভিষিক্ত হবে]**

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## জননিরাপত্তা বিভাগ
## রাজনৈতিক শাখা-৪

### প্রজ্ঞাপন

তারিখ : ১৮ জুলাই ২০২১ খ্রিঃ

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-২৭০**—আগামী ২৮ জুলাই ২০২১ তারিখ একাদশ জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে অত্র বিভাগের রাজনৈতিক অধিশাখা-৬ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৮(অংশ-১)-১৭১, তাং ১৩-০৭-২০২১ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৫ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্তে The Arms Act, 1878 (Act XI of 1878)-এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করল :

> "২৭ জুলাই ২০২১ তারিখ ভোর ৬.০০টা হতে ৩০ জুলাই ২০২১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।"

(২) যারা এ আদেশ লংঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাকিব হাসান তরফদার**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৮/১২ আগস্ট ২০২১

নং **৪৫.১৬২.১০৫.০০.০০.০২৯.২০১৮-১৬১**—বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নং ২৬ এর ৯(সি)(৩) এর প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বর্তমান এডহক ম্যানেজিং বোর্ড এর মেয়াদান্তে নতুন এডহক ম্যানেজিং বোর্ড পুনর্গঠন করা হইল :

**ভাইস- চেয়ারম্যান**

১. জনাব মোঃ নূর-উর-রহমান (সাবেক সচিব)
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

**ট্রেজারার**

২. জনাব এম. এ ছালাম (ভাইস প্রেসিডেন্ট, BGMEA),

**সদস্যবৃন্দ**

৩. জনাব সালাহ উদ্দিন আহমদ

৪. বেগম আরমা দত্ত, এম.পি

৫. অধ্যাপক খান মোঃ আবুল কালাম আজাদ
(প্রাক্তন অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ)

৬. ডা. রোকেয়া সুলতানা
(স্বাস্থ্য বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ)

৭. জনাব মফিজুর রহমান বাবুল
(প্রাক্তন সহ-সভাপতি, জেলা আওয়ামী লীগ, কুমিল্লা)

৮. জনাব মনজুরুল ইসলাম (DBC News)

৯. বেগম রাজিয়া সুলতানা লুনা
(সদস্য ব্যবস্থাপনা পর্ষদ, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি)

১০. ডাঃ মোঃ মোশাররফ হোসেন

১১. চৌধুরী সরোয়ার জাহান
(প্রফেসর, জিওলজি এন্ড মাইনিং বিভাগ)

১২. জনাব মোঃ সেকান্দার আলী
(অবসরপ্রাপ্ত সিনিয়র ডিসট্রিক্ট এন্ড সেশন জজ)

১৩. প্রফেসর ডাঃ কনক কান্তি বড়ুয়া (প্রাক্তন ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়)

১৪. জনাব মোঃ আব্দুল জব্বার জলিল (সিনিয়র সহ সভাপতি, সিলেট মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি)।

০২। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির এডহক ম্যানেজিং বোর্ডের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ০৩ (তিন) মাস হইবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উম্মে হাবিবা**
উপসচিব।

**প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ভাদ্র ১৪২৮/২২ আগস্ট ২০২১

নং **৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-২৭৬**—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর ৯(১) ধারা অনুযায়ী ১৮ অগ্রহায়ণ ১৪২৫/০২ ডিসেম্বর ২০১৮ তারিখের ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৩৫৭ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের ক্রমিক নং (ঢ) তে উল্লিখিত জনাব শাবান মাহমুদকে সরকার কর্তৃক মিনিস্টার (প্রেস) পদে বাংলাদেশ হাই কমিশন, নয়াদিল্লীতে নিয়োগ প্রদান করায় তাঁর শূন্য পদে প্রফেসর মেরিনা জাহান কবিতা, সদস্য, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ আওয়ামী লীগ-কে সরকার কর্তৃক কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের অবশিষ্ট মেয়াদ অর্থাৎ ০৩-১১-২০২১ খ্রি. পর্যন্ত সদস্য পদে মনোনয়ন প্রদান করা হলো।

০২। এ মনোনয়নে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন রয়েছে।

০৩। স্বাস্থ্য সেবা বিভাগের ১৮ অগ্রহায়ণ ১৪২৫/০২ ডিসেম্বর ২০১৮ তারিখের ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৩৫৭ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের অন্যান্য সকল অংশ অপরিবর্তিত থাকবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২৫/০২ ডিসেম্বর ২০১৮

নং **৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৩৫৭**—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক সরকার কর্তৃক মনোনীত ০৩ (তিন) জন্য সদস্যসহ নিম্নবর্ণিত ১৫ (পনের) সদস্য সমন্বয়ে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদে (০৪-১১-২০১৮ থেকে ০৩-১১-২০২১ খ্রি.) পূর্ণাঙ্গ ট্রাস্টি বোর্ড গঠন করা হলো :

**সভাপতি**

(ক) প্রফেসর ডাঃ সৈয়দ মোদাচ্ছের আলী

**সহ-সভাপতি**

(খ) ডাঃ মাখদুমা নার্গিস

**সদস্যবৃন্দ**

(গ) সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(ঘ) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(ঙ) সচিব, অর্থ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(চ) সচিব, পরিকল্পনা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(ছ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(জ) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(ঝ) ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড

(ঞ) সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

(ট) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি

(ঠ) ড. আহমদ আল কবির

(ড) প্রফেসর ডা. আশরাফুন্নেসা

(ঢ) জনাব শাবান মাহমুদ

**সদস্য-সচিব**

(ণ) ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক :

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার, যে কোনো মনোনীত সদস্যকে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

০২। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ১০ এর বিধান মোতাবেক ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে গ্রামের মানুষকে নিরবচ্ছিন্ন সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য ব্যবস্থাপনা;

(খ) তহবিলের জন্য অর্থ সংগ্রহ ও ব্যবহার;

(গ) ট্রাস্টের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ;

(ঘ) গ্রামীণ জনগণের সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি অথবা কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ সামাজিক সংগঠনসমূহ, বেসরকারি সংস্থা এবং সমাজের বিত্তশালীদের সম্পৃক্তকরণ;

(ঙ) কমিউনিটি ক্লিনিকের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;

(চ) স্বাস্থ্যসেবায় জনগণের অংশগ্রহণ ও প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করিবার জন্য কমিউনিটি ক্লিনিকের আওতাভুক্ত এলাকাসমূহের জনগণের মধ্যে হইতে মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিউনিটি গ্রুপকে কার্যকর ও গতিশীলকরণ;

(ছ) কমিউনিটি ক্লিনিক পরিচালনায় কমিউনিটি গ্রুপকে সহযোগিতা এবং গ্রামীণ জনগণের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা নিশ্চিত করিবার জন্য স্বেচ্ছাপ্রণোদিত মহিলা, পুরুষ, কিশোর অথবা কিশোরীসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিত্বকারী প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত কমিউনিটি সাপোর্ট গ্রুপকে কার্যকর ও গতিশীলকরণ;

(জ) সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবার আওতা ও পরিধি প্রবিধান দ্বারা নির্ধারণ;

(ঝ) ট্রাস্ট ও কমিউনিটি ক্লিনিকের সকল কার্যক্রমে ডিজিটাল পদ্ধতির ব্যবহার, প্রযোজ্য ক্ষেত্রে, নিশ্চিতকরণ; এবং

(ঞ) সরকার এবং উপদেষ্টা পরিষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-২ অধিশাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮-২২৮**—ইলিশ সম্পদ সংরক্ষণে Protection and Conservation of Fish Act, 1950 (E. B. Act No. XVIII of 1950) এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 এর rule 13 মোতাবেক এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুম ৪ হতে ২৫ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ (১৯ আশ্বিন হতে ০৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন সময়কাল সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হলো।

জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুবোধ চন্দ্র ঢালী**
যুগ্মসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**
**আদেশাবলী**

তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

নং **বিচার-৭/২-এন-০৯/৯২(অংশ)-১৩৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ জাহিদুল ইসলাম, পিতা-আব্দুল কুদ্দুস মাদবর, মাতা-সরলা বেগম, গ্রাম-উত্তর বাইকশা পূর্বাংশ, ওয়ার্ড নং-০১, ডাকঘর-জাজিরা-৮০১০, উপজেলা-জাজিরা, জেলা-শরিয়তপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরিয়তপুর জেলার জাজিরা পৌরসভার ১, ২ ও ৩নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২-এন-০৯/৯২(অংশ)-১৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আনোয়ার হোসেন, পিতা-মোঃ আব্দুল কাদির মাদবর, মাতা-চন্দ্রবান, গ্রাম-দক্ষিণ ডুবলদিয়া, ওয়ার্ড নং-০৯,

ডাকঘর-জাজিরা-৮০১০, উপজেলা-জাজিরা, জেলা-শরিয়তপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরিয়তপুর জেলার জাজিরা পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**এসএমই ও বিটাক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৮/২১ সেপ্টেম্বর ২০২১

**নং ৩৬.০০.০০০০.০৭৪.১৮.০০২.২০.১০৬**—বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর ১৩(তের)টি পদের পদনাম পরিবর্তনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০. ১৬০.১৫.০০৪.২০-১১৯ তারিখ: ২২-১১-২০২০ ও অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১২৮.৩৬.০০২.(অংশ-১).১০-০৯ তারিখ: ২০-০১-২০২১ এবং মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৭১১.০৬.০১২.২১.১৩২ তারিখ: ১৫-০৯-২০২১ এর সুপারিশক্রমে বিদ্যমান পুরানো পদসমূহের পরিবর্তিত পদনাম নির্দেশক্রমে নিম্নরূপ শর্তে নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | পদের বর্তমান নাম | পরিবর্তিত পদনাম |
|---|---|---|
| ০১. | চীফ অব অপারেশনস্ | অতিরিক্ত পরিচালক |
| ০২. | সচিব | উপপরিচালক (প্রশাসন) |
| ০৩. | সিনিয়র ইঞ্জিনিয়ার | নির্বাহী প্রকৌশলী |
| ০৪. | জুনিয়র ইঞ্জিনিয়ার | সহকারী প্রকৌশলী |
| ০৫. | উপসচিব | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৬. | সিনিয়র সুপারভাইজার | সিনিয়র ফোরম্যান |
| ০৭. | জুনিয়র সুপারভাইজার | ফোরম্যান |
| ০৮. | ডিএমজি-১ | সিনিয়র ড্রাফটসম্যান |
| ০৯. | টিএমজি-১ | সিনিয়র টেকনিশিয়ান |
| ১০. | ডিএমজি-২ | ড্রাফটসম্যান |
| ১১. | টিএমজি-২ | টেকনিশিয়ান |
| ১২. | ডিএমজি-৩ | জুনিয়র ড্রাফটসম্যান |
| ১৩. | টিএমজি-৩ | জুনিয়র টেকনিশিয়ান |

**শর্ত**

(ক) পদনাম পরিবর্তনের কারণে পদসমূহের বেতন স্কেল/ গ্রেড পরিবর্তন করা যাবে না;

(খ) পরিবর্তিত পদনাম অন্তর্ভুক্ত করে, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট আইন/বিধিমালা/প্রবিধানমালা/কোড/আদেশ/ নির্দেশনা/সাংগঠনিক কাঠামো সংশোধন করতে হবে;

(গ) আদেশ জারির তারিখ হতে পরিবর্তিত পদনাম কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর আলম**
সহকারী সচিব।